



## বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ই-মেইল : info@gmail.com; ওয়েবসাইট : www.bscic.gov.bd

স্মারক নং : ৩৬.০২.০১০.১৯.০০.০৫.২০১-১৭/৬০২(২৫০)

তারিখ : ০৯ পৌষ ১৪২৫  
২৩ ডিসেম্বর ২০১৮

### পরিপত্র

বিষয় : শিল্পনগরী/শিল্পপার্কসমূহের শিল্প ইউনিটের লে-আউট প্ল্যান এর অনুমোদনের সময়সীমা নির্ধারণ প্রসঙ্গে।

বিসিক শিল্পনগরী/শিল্পপার্ক স্থাপনের মাধ্যমে বেসরকারি উদ্যোক্তাদের শিল্প স্থাপনের মাধ্যমে শিল্প-স্থাপনের সহায়তা করে থাকে। এই শিল্পনগরী/শিল্পপারকে প্রুট বরাদ্দের পর শিল্প স্থাপনের লক্ষ্যে উদ্যোক্তাগণকে প্রস্তাবিত কারখানার লে-আউট প্ল্যান বিসিক থেকে অনুমোদন করে নিতে হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, শিল্পনগরী/শিল্পপার্কের কারখানা নির্মাণের লে-আউট প্ল্যান অনুমোদনের দীর্ঘ সময় ব্যয়িত হচ্ছে। এতে দ্রুত শিল্পায়নে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে এবং শিল্প মালিকগণও যথাসময়ে তাদের কারখানা নির্মাণ সমাপ্ত করে উৎপাদনের যেতে পারছেন না। এ বিষয়ে গত ১০-০৩-২০১৮ খ্রিঃ তারিখে প্রধান মন্ত্রীর কার্যালয়ের মাননীয় মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) ইভান্স্ট্রিয়াল ফিল্ডস্ কাউন্সিল (আইএসসির) এর সাথে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত হয় “যে কোনো শিল্প-কারখানা কর্তৃক কারখানা নির্মাণের লে-আউট প্ল্যান দাখিলের ১৫ (পনের) দিনের মধ্যে অনুমোদনের ব্যবস্থা করবে”। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে বিসিক কর্তৃপক্ষ নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করেছেন :

ক) অনধিক ০৬ (ছয়) তলা পর্যন্ত ভবনের ক্ষেত্রে :


- ০১। শিল্পোদ্যোক্তা বিসিকের নির্ধারিত আবেদন/অকুপেপি ফরম পূরণ করে সংযুক্ত চেক লিষ্ট অনুসারে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট শিল্পনগরী কর্মকর্তার কাছে দিবেন।
- ০২। শিল্পনগরী কর্মকর্তা চেক লিষ্ট অনুসারে প্রাসঙ্গিক কাগজপত্রসহ যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম পেলে গ্রহণ করবেন; নতুবা তাৎক্ষণিকভাবে উদ্যোক্তাকে কারণ চিহ্নিত করে ফেরৎ দিবেন।
- ০৩। শিল্পনগরী কর্মকর্তা আবেদন গ্রহণের পর সর্বোচ্চ ৩(তিন) কার্যদিবসের মধ্যে সুস্পষ্ট সুপারিশসহ শিসকে প্রধানের কাছে লে-আউট প্ল্যান অনুমোদনের প্রস্তাব পাঠাবেন।
- ০৪। শিসকে প্রধান শিল্পনগরী কর্মকর্তার কাছ থেকে প্রাপ্ত প্রস্তাব সর্বোচ্চ ২(দুই) কার্যদিবসের মধ্যে সুপারিশসহ আঞ্চলিক পরিচালকের কাছে পাঠাবেন।
- ০৫। সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক শিসকে প্রধানের পাঠানো প্রস্তাব নির্ধারিত কমিটির মাধ্যমে যাচাই করে সর্বোচ্চ ৭(সাত) কার্যদিবসের মধ্যে চূড়ান্ত অনুমোদন দিবেন।
- ০৬। আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে সরাসরি শিল্পনগরী কর্মকর্তাকে অনুমোদনের বিষয়টি জানিয়ে দিতে হবে এবং শিসকে প্রধান ও আবেদনকারী শিল্পোদ্যোক্তাকে অবহিত রাখবে। এ কাজে সর্বোচ্চ ৩(তিন) কার্যদিবসের মধ্যে সম্পন্ন করতে হবে।
- ০৭। আঞ্চলিক কার্যালয় ইটিপি স্থাপন আবশ্যিক হলে তার জন্য জায়গা রাখার ব্যবস্থা নিবে এবং উদ্যোক্তাকে তা জানিয়ে দিবে।
- ০৮। এ সেবা সর্বমোট ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রদান করা হবে।

খ) ৭ তলা থেকে ১০ তলা ভবন নির্মাণের ক্ষেত্রে :

- ০১। পূর্বোক্ত ১-৩ নং পদক্ষেপ ছবুহ অনুসরণ করতে হবে।
- ০২। এক্ষেত্রে শিসকে প্রধান সর্বোচ্চ ২(দুই) কার্যদিবসের মধ্যে প্রাপ্ত প্রস্তাব সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালককে অবহিত রেখে সরাসরি প্রধান প্রকৌশলীর কাছে প্রস্তাব পাঠাবেন।
- ০৩। প্রধান প্রকৌশলী নিয়মিত কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করে সুস্পষ্ট প্রস্তাব পরিচালক (উঃ ও সঃ) এর কাছে ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে পেশ করবেন।
- ০৪। পরিচালক (উঃ ও সঃ) সর্বোচ্চ ২(দুই) কার্যদিবসের মধ্যে চেয়ারম্যান, বিসিক এর কাছে পেশ করবেন।
- ০৫। চেয়ারম্যান মহোদয় ১(এক) কার্যদিবসের মধ্যে চূড়ান্ত অনুমোদন দিবেন।
- ০৬। প্রধান প্রকৌশলী চেয়ারম্যান মহোদয়ের কাছ থেকে অনুমোদন পাওয়ার পর সাথে সাথে শিল্পনগরী কর্মকর্তাকে অবহিত করবেন। শিল্পনগরী কর্মকর্তা শিল্লোদ্যোক্তাকে জানিয়ে রাখবেন। অনলাইনে হলেও অবহিত করতে হবে।
- ০৭। পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে হার্ডকপি শিল্পনগরী কর্মকর্তার কাছে পাঠাতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে সরাসরি জিইপি এর মাধ্যমে পাঠানো যাবে।
- ০৮। এক্ষেত্রে প্রধান প্রকৌশলী ইটিপি স্থাপনের আবশ্যিকতা/অনাবশ্যিকতা শিল্লোদ্যোক্তাকে জানিয়ে দিবেন।
- ০৯। এ সেবা সর্বমোট ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রদান করা হবে।

গ) এই আদেশ অবিলম্বে কার্যকর হবে;

ঘ) বিসিক প্রধান কার্যালয়ের অফিস আদেশ নং-পুরকৌশল-৩৬.০২.০০৬.০০.০০.০৯২ /২২৯৮(৪৫) তাং-০৭-০৮-২০১৮ এর সংশ্লিষ্ট অংশ এই পরিপত্রের বর্ণনা অনুসারে সংশোধিত হয়েছে মর্মে গণ্য হবে।

  
(জীবন কুমার চৌধুরী)  
পরিচালক (উন্নয়ন ও সম্প্রসারণ)  
বিসিক, ঢাকা  
ফোন : ৯৫৫৭৯১৭।

বিতরণ :

- ০১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/(অর্থ)/(প্রকল্প)/(প্রযুক্তি)/(নকশা ও বিপণন), বিসিক, ঢাকা।
- ০২। সচিব, বিসিক, ঢাকা।
- ০৩। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বিসিক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ০৪। মহাব্যবস্থাপক (সম্প্রসারণ/উন্নয়ন), বিসিক, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক (শিল্পনগরী/উন্নয়ন), বিসিক, ঢাকা।
- ০৬। প্রধান নিরীক্ষা কর্মকর্তা, নিরীক্ষা বিভাগ, বিসিক, ঢাকা।
- ০৭। শিসকে প্রধান (সকল)-----।
- ০৮। আইসিটিসেল প্রধান, বিসিক, ঢাকা। [বিসিক ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো]
- ০৯। শিল্পনগরী ও সমন্বয় শাখার সকল কর্মকর্তাগণ।
- ১০। শিল্পনগরী কর্মকর্তা (সকল)-----।
- ১১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা।
- ১২। অফিস নথি।